“তোমার ভাইকে সাহায্য কর, সে যালিম হোক অথবা মাযলুম”

আনাস ইবনু মালিক রাদিয়াল্লাহু ‘আনহু হতে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: “তোমার ভাইকে সাহায্য কর, সে যালিম হোক অথবা মাযলুম”। এক ব্যক্তি বলল: হে আল্লাহর রাসূল, যদি সে অত্যাচারিত হয় তবে আমি তাকে সাহায্য করব, কিন্তু আপনি কী লক্ষ্য করেছেন যদি সে অত্যাচারী হয়, তাহলে আমি কীভাবে
তাকে সাহায্য করব? তিনি বললেন: “তাকে অন্যায় থেকে বিরত রাখবে - অথবা তাকে বাধা দিবে; কারণ এটাই তার সাহায্য”। [সহীহ] [এটি বুখারী বর্ণনা করেছেন।]

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একজন মুসলিমকে তার মুসলিম ভাইকে সাহায্য করার নির্দেশ দিয়েছেন, সে যালিম হোক বা অত্যাচারিত হোক। একজন লোক বলল: হে আল্লাহর রাসূল, যদি সে নির্যাতিত হয়, তাহলে আমি তার উপর থেকে নিপীড়ন দূর করে তাকে সাহায্য করব। কিন্তু যদি সে একজন অত্যাচারী হয়, তাহলে আমি তাকে কীভাবে সাহায্য করব? তিনি বললেন: তুমি তাকে নিষেধ করবে, তার হাত ধরবে এবং তাকে বাধা দিবে ও অন্যায় থেকে বিরত রাখবে। এটি তার শয়তান এবং মন্দ কাজে নির্দেশ দানকারী তার আত্মার বিরুদ্ধে তাকে সাহায্য করা।

http://www.sunnah.global/hadeeth/bn/show/4236